দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 NOV 1988
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

35

# চট্টগ্রামে দুইটি শিক্ষা প্রতিষ্ঠান হইতে অস্ত্রশস্ত্র উদ্ধার

(চট্টগ্রাম অফিস)

গতকাল শুক্রবার বিকালে চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট ছাত্রাবাসের সম্মুখে একদল সশস্ত্র যুবকের গুলীতে ইনষ্টিটিউট প্রতিনিধি পরিষদের উপ-প্রধান প্রতিনিধি (ছাত্র সংসদ জি-এস) শাহ মোয়াজ্জেম হোসেন মিটু আহত হয়। এই ঘটনার পর পাঁচলাইশ থানার পুলিশ পলিটেকনিক ইনষ্টিটিউট ও সংলগ্ন টি,টি,সি ক্যাম্পাস ও হোষ্টেলে ব্যাপক তল্লাশী অভিযান পরিচালনা করে। চট্টগ্রাম মহানগরী পুলিশের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, এই ২টি ইনষ্টিটিউটে ২ দল ছাত্রের মধ্যে সম্ভাব্য সংঘর্ষের খবরের ভিত্তিতে পুলিশ এই অভিযান চালায় এবং বহু অস্ত্রশস্ত্রসহ ২ জনকে গ্রেফতার করে। পলিটেকনিক হোষ্টেল হইতে উদ্ধারকৃত অস্ত্রশস্ত্রের মধ্যে রহিয়াছে ৩২টি হাতবোমা (ককটেল), ১০ রাউণ্ড রাইফেল গুলী, ১টি বড় কিরিচ, বিপুল পরিমাণ চোরা, লোহার রড এবং প্রায় ১৫ কেজি বোমা তৈয়ারীর বিস্ফোরক দ্রব্য ও অন্যান্য সরঞ্জাম। পুলিশ নিকটস্থ টি, টি, সি ছাত্রাবাসেও

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামে অস্ত্রশস্ত্র উদ্ধার

(১ম পৃঃ পর)

অনুরূপ অভিযান চালাইয়া ১টি রিভলবার, ৩টি রাইফেল গুলী ও ৬টি বন্দুকের গুলী উদ্ধার করে। বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, এই ২টি শিক্ষা প্রতিষ্ঠানে তল্লাশী অভিযান অব্যাহত রহিয়াছে। জাতীয়তাবাদী ছাত্রদল চট্টগ্রাম মহানগরী নেতৃবৃন্দ এক বিবৃতিতে হামলা ঘটনার জন্য ছাত্রলীগকে (হা-অ) দায়ী করিয়াছে।